



৬ ই জুন, ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের প্রাক্তন প্রধান বিচারপতি লতিফুর রহমান এর মৃত্যুর সংবাদে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীরভাবে শোকাহত

আজ ৬ই জুন, ২০১৭ বাংলাদেশের প্রাক্তন প্রধান বিচারপতি লতিফুর রহমান এর মৃত্যুর সংবাদে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীরভাবে শোকাহত। তিনি দেশের দশম প্রধান বিচারপতি ছিলেন।

বিচারপতি লতিফুর রহমান ১লা মার্চ ১৯৩৬ সালে ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলায় জন্মগ্রহণ করেন। ১৯৬০ সাল থেকে তিনি ঢাকা হাইকোর্টে আইন পেশা শুরু করেন। ২০০০ সালের ১ জানুয়ারি তিনি দেশের প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং ২০০১ সালের ২৮ ফেব্রুয়ারি তিনি প্রধান বিচারপতি থাকাকালীন অবসর গ্রহণ করেন। সর্বশেষ অবসর প্রাপ্ত বিচারপতি হিসেবে তিনি ২০০১ সালের ১৫ জুলাই তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব পালন করেন। প্রধান উপদেষ্টার দায়িত্ব হস্তান্তরের পর বিচারপতি লতিফুর রহমান তার উপদেষ্টা থাকা কালীন অভিজ্ঞতা নিয়ে “তত্ত্বাবধায়ক সরকারের দিন গুলি ও আমার কথা” নামের একটি বই লিখেন।

বাংলাদেশের প্রাক্তন প্রধান বিচারপতি লতিফুর রহমান এর মৃত্যুতে ব্লাস্ট পরিবার এর পক্ষ থেকে আমরা তাঁর অবদানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি। ব্লাস্ট এর বোর্ড অব ট্রাস্টিজ এর সদস্য জেড আই খান পান্না তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করে বলেন, “বিচারকার্যে তিনি যে অবদান রেখে গেছেন তা জাতি শ্রদ্ধাভরে স্মরণ করবে।” ব্লাস্টের সহ সভাপতি বিচারপতি মোঃ আওলাদ আলী বলেন, “প্রধান বিচারপতি লতিফুর রহমানের মতো ন্যায়পরায়ণ লোকের মৃত্যুতে আইন অঙ্গনে অপূরণীয় শূন্যতার সৃষ্টি হলো।”

বার্তাপ্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd